সংবাদ

তারিখ ..19 MAY 2016...
পৃষ্ঠা ..7.0.. কলাম ...7.......

# শাহরাস্তিতে স্কুল অভিভাবক প্রতিনিধি নির্বাচন সমাপ্ত

প্রতিনিধি, শাহরাস্তি, (চাঁদপুর)

শাহরাস্তির ঐতিহ্যবাহী নিজমেহার মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ে অভিভাবক প্রতিনিধি নির্বাচন সম্পন্ন হয়েছে। গত রোববার সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীনভাবে সুষ্ঠু, শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশের মধ্য দিয়ে এ নির্বাচন সম্পন্ন হয়। অভিভাবক প্রতিনিধি নির্বাচনে ৭ জন প্রার্থী মূল প্রতিদ্বন্দ্বিতায় অংশ নেয়। এতে মো. আবুল কালাম মোল্লা ২ শত ৪৯ ভোট পেয়ে প্রথম, মো. দেলোয়ার হোসেন ২ শত ১১ ভোট পেয়ে দ্বিতীয়, মো. জাকির হোসেন ১ শত ৯২ ভোট পেয়ে ৩য় ও মো. মিজানুর রহমান মোল্লা ১ শত ৭৯ ভোট পেয়ে চতুর্থ অভিভাবক প্রতিনিধি নির্বাচিত হয়েছেন। নির্বাচনে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করেন সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ খাজা মাইন উদ্দিন। নির্বাচনের সার্বিক সহযোগিতায় ছিলেন বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক মো. রেজাউল করিম মিন্টু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক রতন কান্তি দত্ত, সহ-প্রধান শিক্ষক মো. আজাদ হোসেন প্রমুখ।